

2015
BENGALI (Honours)
Third Paper

Full Marks : 100

Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

(ক) ঐতিহাসিক উপন্যাস ও ইতিহাসাপ্রিত উপন্যাসের পার্থক্য কোথায়? উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫+৫

(খ) চেতনা প্রবাহ রীতি বলতে কী বোঝায়? চেতনা প্রবাহ রীতির বৈশিষ্ট্যগুলি লেখো। একটি বাংলা চেতনা প্রবাহ রীতির উপন্যাসের পরিচয় দাও। ২+৩+৫

(গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো এবং একটি বাংলা আঞ্চলিক উপন্যাস বিশ্লেষণ করে দেখাও।

(ঘ) উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২। “‘রজনী’র ঘটনা বিরলতা বিস্ময়কর যা বঙ্কিম উপন্যাসে বড় একটা দেখা যায় না।” — ‘রজনী’ উপন্যাস কেন ঘটনা বিরল হলো আলোচনা করে দেখাও। ১৬

P.T.O.

(2)

অথবা,

বঙ্কিমচন্দ্রের ‘রজনী’ উপন্যাসকে প্রথম মনস্তত্ত্ব বিশ্লেষণমূলক উপন্যাস বলা যায় কিনা বিচার করো।

৩। “সাহিত্যের নবপর্যায়ের পদ্ধতি হচ্ছে ঘটনা পরম্পরায় বিবরণ দেওয়া নয়, বিশ্লেষণ করে তাদের আঁতের কথা বের করে দেখানো” — ‘চোখের বালি’ উপন্যাসে এই পদ্ধতি কীভাবে প্রযুক্ত হয়েছে, বিশ্লেষণ করে দেখাও। ১৬

অথবা,

“‘চোখের বালি’র গল্পকে ভিতর থেকে ধাক্কা দিয়ে দারুণ করে তুলেছে, মায়ের ঈর্ষা” — মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

৪। ‘পল্লীসমাজ’ উপন্যাসের নামকরণ সার্থক হয়েছে কিনা উপন্যাসের কাহিনী বিশ্লেষণ করে তা দেখাও। ১৬

অথবা,

সমাজ-সমস্যা অপেক্ষা রমা-রমেশের হৃদয়ের ঘাত-প্রতিঘাতই ‘পল্লীসমাজ’ উপন্যাসে মূল ভূমিকা নিয়েছে — আলোচনা করো।

৫।(ক) “নারীর মর্যাদা সম্বন্ধে কবির ব্যক্তিগত মতামতের বহিঃপ্রকাশ ‘হেমন্তী’ গল্প।” — মন্তব্যটি কি সমর্থনযোগ্য? ১০

অথবা,

‘মেঘ ও রৌদ্র’ গল্পটিতে প্রকৃতি যেন মানবজীবনেরই বহিরঙ্গ রূপ। — আলোচনা করো।

(খ) পশুর সঙ্গে মানুষের স্নেহমমতার সম্পর্ক ‘আদরিণী’ গল্পে কীভাবে রূপায়িত হয়েছে বিশ্লেষণ করে দেখাও। ১০

(3)

অথবা,

‘কেন’ গল্পটিতে নায়ক চরিত্রের যে পরিবর্তন দেখানো হয়েছে তার কারণ যুক্তিসহ উপস্থাপিত করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩

(ক) “ছোটবাবুর বড় বিদ্যার গৌরব ছিল।” — ছোটবাবু কে? তাঁর বিদ্যাশিক্ষার প্রকৃত গৌরব কোথায়?

(খ) “তুই ভালোবাসার কি জানিস?” — বস্তা কে? এই উক্তির আলোকে তার মানসিকতা ব্যক্ত করো।

(গ) “তুই কেন আমার পুত্রবধু হয়ে এলিনে” — বস্তা কে? কখন একথা বলেছেন বস্তা?

(ঘ) “বউ তোমা হইতে কাহারও মন্দ না হউক, তুমিও ভালো থাকো।” — কে কাকে এই আশীর্বাদ করেছিল? এমন আশীর্বাদের কারণ কী?

(ঙ) “বাবা শুধু আলো জ্বলে দেবে, শুধু আলো জ্বলে দেবে।” — কে একথা বলেছে? আলো জ্বলে দেবার মানে কী?

2015

BENGALI (Honours)

Fourth Paper

Full Marks : 100

Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

(ক) পত্র কখন সাহিত্যের পর্যায়ে উন্নীত হয় বাংলায় রচিত পত্রসাহিত্যের উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।

(খ) ডায়েরি বলতে কী বোঝায়? ডায়েরীর বৈশিষ্ট্য উল্লেখ করে স্মৃতিকথার সঙ্গে এর পার্থক্য উল্লেখ করো।

$2+8=10$

(গ) সমালোচনার ক্ষেত্রে ঐতিহাসিক পদ্ধতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

(ঘ) বঙ্কিমচন্দ্র সমালোচনার কী উদ্দেশ্যের কথা বলেছেন? তাঁর মতের পর্যালোচনা করে সমালোচক হিসেবে তাঁর গোত্রের পরিচয় দাও।

$8+6=10$

২। 'পঞ্চভূত'-এর অন্তর্গত 'সৌন্দর্যের সম্বন্ধ' প্রবন্ধ অবলম্বনে সৌন্দর্য বিষয়ে রবীন্দ্রনাথের মনোভাবের পরিচয় দাও। 16

অথবা,

P.T.O.

(2)

“‘পঞ্চভূত’ গ্রন্থের আঙ্গিক ও চরিত্র পরিকল্পনায় অভিনবত্বের অপূর্ব প্রকাশ লক্ষ করা যায়।” — আলোচনা করো। ১৬

৩। ঈশ্বর গুপ্ত Realist এবং ঈশ্বর গুপ্ত Satirist’ মন্তব্যটির আলোকে ঈশ্বর গুপ্তের কবি প্রতিভার বৈশিষ্ট্য বুঝিয়ে দাও। ১৬

অথবা,

‘আধুনিক বাংলা সাহিত্য’ প্রবন্ধ অনুসরণে আধুনিক বাংলা কবিতার বিবর্তনে বিহারীলালের ভূমিকা পরিস্ফুট করো। মোহিতলালের মত কতটা সমর্থনযোগ্য যুক্তিসহ বুঝিয়ে দাও। ১২+৪=১৬

৪। “চিত্রাঙ্গদা একাধারে কাব্য, চিত্র ও সঙ্গীত, অতএব তা চরম কাব্য” — এই মন্তব্যের আলোকে ‘চিত্রাঙ্গদা’ প্রবন্ধে প্রাবন্ধিকের যে দৃষ্টিভঙ্গী ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ১৬

অথবা,

ধূর্জটিপ্রসাদের অন্তঃশীলা সম্পর্কে সুধীন্দ্রনাথের অভিমত : “বইখানি ভাবুকের জন্যে লেখা এবং ভাবুকের দ্বারা লিখিত।” — গ্রন্থটির রচয়িতা এবং রচনার বিষয়বস্তু পর্যালোচনা দ্বারা বস্তুব্যাচি প্রতিষ্ঠা করো। ১৬

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ‘ছিন্নপত্র’র ১৮ সংখ্যক পত্রে যে অপূর্ব ব্যঞ্জনাময় ভাষায় কবি প্রকৃতির সঙ্গে অন্তরঙ্গ ভাব বিনিময়ের কাহিনি ব্যক্ত করেছেন তার স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) রবীন্দ্রনাথের বিশিষ্ট প্রকৃতিচেতনা কবি চেতনায় ঋদ্ধ এবং পল্লবিত হতে পেরেছে ছিন্নপত্রের যুগে — এই মন্তব্য কতদূর সঙ্গত তা আলোচনা করো।

(3)

(গ) গ্রামীণ বাংলার সাধারণ জীবনের ছবি ছিন্নপত্রের কোনো কোনো চিঠিতে প্রাণবন্ত হয়ে ধরা দিয়েছে। — আলোচনা করো।

(ঘ) “ছিন্নপত্র আকারে চিঠি কিন্তু প্রকারে রবীন্দ্র-মনের আয়না।” — আলোচনা করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) “রত্ন লইয়া আসি না স্বাস্থ্য লইয়া আসি।” কী উপলক্ষে বলা হয়েছে? ‘রত্ন’ ও ‘স্বাস্থ্য’ বলতে কী বোঝানো হয়েছে?

(খ) “এই শক্তির প্রসন্নমুখ মাতা, এই শক্তির অপ্রসন্ন মুখ চণ্ডী” — মাতা ও চণ্ডী কথা দুটি ব্যবহারের তাৎপর্য কী?

(গ) সত্যেন্দ্রনাথ তাঁর সমসময়ে প্রবলভাবে জনপ্রিয় হয়েছিলেন কেন?

(ঘ) নিরাসক্ত একাগ্রতা যেখানে নাই সেখানে বাহিরের আয়োজনও কোন কাজে লাগে না। — জগদীশচন্দ্রের এই উক্তির তাৎপর্য কী?

(ঙ) নজরুলকে বুদ্ধদেব ঐতিহাসিক অর্থে স্বভাবকবি বলেছেন।—এর কারণ কী? নজরুল কীভাবে বাংলা কাব্যে নূতন যুগ এগিয়ে আনেন?